

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্লট-ই-১৩/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
www.ngoab.gov.bd

বিষয়ঃ ২১/০৩/২০১৮ তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : কে, এম, আব্দুস সালাম
মহাপরিচালক
এনজিও বিষয়ক ব্যুরো।

সভার তারিখ ও সময় : ২১/০৩/২০১৮, বুধবার, বিকাল ০৪:০০ টা।

সভার স্থান : সভাকক্ষ, এনজিও বিষয়ক ব্যুরো।
(সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণের তালিকা পরিশিষ্ট 'ক'-তে উল্লেখ আছে)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক -২ জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) সংক্রান্ত গত সভার সিদ্ধান্ত ও ব্যুরোর জাতীয় শুদ্ধাচার কৌশল পাঠ করেন। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সভায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী
০১।	জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত প্রশিক্ষণঃ জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত প্রশিক্ষণের প্রত্যেক কোয়ার্টারে ৫৮ জনকে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে। ২০১৭-২০১৮ অর্থ বছরের দুই কোয়ার্টারেই এই লক্ষ্যমাত্রা অর্জিত হয় নি।	জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করতে হবে। কোনভাবেই লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থতা গ্রহণযোগ্য হবে না।	উপপরিচালক (সাধারণ)
০২.	ই-ফাইলিং : জাতীয় শুদ্ধাচার কৌশল এর লক্ষ্যমাত্রায় ১০% নথি ই-ফাইলিং এ নিষ্পন্ন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে। ২য় কোয়ার্টারে ব্যুরোর অর্জন ৫%।	অর্জন হতাশাব্যঞ্জক। লক্ষ্যমাত্রা অর্জনে ব্যবস্থা নিতে হবে। এ মাসেই উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করতে হবে। ম্যানুয়ালী নথি নিষ্পন্ন করার পাশাপাশি ই-ফাইলিং এ নথি উপস্থাপন করতে হবে।	সকল শাখা কর্মকর্তা/কর্মচারী।
০৩.	বিবিধ আলোচনাঃ	১। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের প্রমাণক সমন্বয় শাখায় দাখিল করতে হবে।	সকল শাখা কর্মকর্তা/কর্মচারী।
		২। প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে প্রমাণকসহ জাতীয় শুদ্ধাচার কৌশল রিপোর্ট সমন্বয় শাখায় দাখিল করতে হবে। ৩য় ত্রৈমাসিক রিপোর্ট এপ্রিল/২০১৮ এর ০৫ তারিখের মধ্যে দাখিল করতে হবে।	সকল শাখা কর্মকর্তা/কর্মচারী।
		৩। নৈতিকতা কমিটির সভা নিয়মিত করতে হবে।	সমন্বয় শাখা।
		৪। ই-টেন্ডারিং এর জন্য সিপিটিইউ এর সাথে যোগাযোগ করতে হবে।	উপপরিচালক (সাধারণ)।

অপর পাতায় দৃষ্টব্য

সভাপতি যে সকল সূচকে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি ; সে সকল সূচকের উল্লেখযোগ্য অগ্রগতি অর্জনে সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।




(কে, এম, আব্দুস সালাম)
মহাপরিচালক
ফোনঃ ৫০০৭৪০০

স্মারক নং-০৩.০৭.২৬৬৬.৬৬১.৭৫.০৩৬.১৭ - ১৮৯

তারিখ ৫/৪/০৩/২০১৮ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে-

- ০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। পরিচালক (সকল), এনজিও বিষয়ক ব্যুরো।
- ০৩। উপ-পরিচালক (সাঃ)/ উপ-পরিচালক (পওনি), এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা।
- ০৪। এসাইনমেন্ট অফিসার-১/২/৩/৪/৫, এনজিও বিষয়ক ব্যুরোর।
- ০৫। সহকারী পরিচালক -১/২, এনজিও বিষয়ক ব্যুরো।
- ০৬। প্রোগ্রামার, এনজিও বিষয়ক ব্যুরো।
- ০৭। প্রশাসনিক কর্মকর্তা, এনজিও বিষয়ক ব্যুরো।
- ০৮। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো এর ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৯। সকল শাখা সহকারী, এনজিও বিষয়ক ব্যুরো।
- ১০। অফিস কপি।



মোঃ শাহাদৎ হোসাইন
পরিচালক (যুগ্মসচিব)

ও
ফোকাল পয়েন্ট, এনআইএস
এনজিও বিষয়ক ব্যুরো।

ই-মেইল -dreg@ngoab.gov.bd